

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৬৭. কোন পশুকে কারোর তীর নিক্ষেপের লক্ষ্যবস্তু বানানো

হিশাম বিন্ যায়েদ (রাহিমাহুল্লাহ্) থেকে বর্ণিত তিনি বলেন: আমি আমার দাদা আনাস্ (রা.) এর সাথে 'হাকাম বিন্ আইয়ুবের বাড়িতে গেলে তিনি দেখলেন, কিছু ছেলেপিলে একটি মুরগীকে বেঁধে রেখে সবাই তাকে লক্ষ্য করে তীর নিক্ষেপ করছে তখন তিনি তাদেরকে উদ্দেশ্য করে বললেন:

نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ تُصنبَرَ الْبَهَائِمُ

"রাসূল (সা.) কোন গৃহপালিত পশুকে আটকে রেখে তাকে লক্ষ্য করে তীর নিক্ষেপ করতে নিষেধ করেছেন"।[1] আব্দুল্লাহ্ বিন্ 'আববাস্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) ইরশাদ করেন:

لَا تَتَّخِذُوا شَيْئًا فِيهِ الرُّوحُ غَرَضًا

"তোমরা কোন প্রাণীকে তীর নিক্ষেপের লক্ষ্যবস্তু বানিও না"।[2]

>

## ফুটনোট

- [1] (বুখারী, হাদীস ৫৫১৩ মুসলিম, হাদীস ১৯৫৬ আবু দাউদ, হাদীস ২৮১৬)
- [2] (বুখারী, হাদীস ৫৫১৫ মুসলিম, হাদীস ১৯৫৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11417

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন